



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/11/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল স্টেটের শ্রম বিভাগের মাধ্যমে নিউ ইয়র্কবাসীর জন্য নতুন ডিজিটাল স্বাক্ষরতা কর্মসূচির ঘোষণা করলেন

নর্থস্টার ডিজিটাল লিটারেসির সাথে শ্রম বিভাগের নতুন অংশীদারিত্বটি চাকরিসন্ধানীদের 21 শতকের চাকরির জন্য প্রয়োজনীয় কম্পিউটার দক্ষতা অর্জন করতে সাহায্য করবে

কর্মীবাহিনী বিকাশে এবং আধুনিক ব্যবসার প্রয়োজনের সাথে কর্মীদের দক্ষতা মেলাতে সাহায্য করার জন্য গভর্নরের প্রতিশ্রুতির অনুবর্তী

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ (New York State Department of Labor, NYSDOL) একটি নতুন, বিনামূল্যের ডিজিটাল স্বাক্ষরতা কর্মসূচি শুরু করতে যাচ্ছে যা চাকরিদাতাদের কাছে আরো উপযুক্ত হওয়ার জন্য যেই দক্ষতা অর্জন করা প্রয়োজন, চাকরিসন্ধানীদের তা পর্যন্ত করতে সাহায্য করবে। চাকরিসন্ধানীদের কম্পিউটার দক্ষতা যাচাই করা এবং তাদেরকে ব্যবসাগুলি যা চায় তার ভিত্তিতে বিভিন্ন খাতে জ্ঞান অর্জন করতে সাহায্য করার জন্য নর্থস্টার ডিজিটাল লিটারেসির (Northstar Digital Literacy) সাথে একটি অংশীদারিত্বের মাধ্যমে কর্মসূচিটি উপলভ্য করা হয়েছে। 2022 সালের একটি NYSDOL জরিপ অনুযায়ী, উত্তর প্রদানকারী 44 শতাংশ ব্যবসা বলেছে যে চাকরির আবেদনকারী এবং নতুন কর্মচারীদের মধ্যে যেসব দক্ষতার অভাব বেশি ছিলো তার একটি হলো মৌলিক কম্পিউটার ব্যবহার এবং কমিউটার স্বাক্ষরতার অভাব। অন্যান্য যেসব সমস্যা বেশি সনাক্ত করা হয়েছে তার মধ্যে আছে মৌলিক ইমেইল পারদর্শিতা এবং এক্সেল দক্ষতা। যেহেতু কর্মক্ষেত্রে প্রযুক্তি ক্রমাগত বিবর্তিত হচ্ছে, তাই নিউ ইয়র্কের কর্মচারীদের নিজেদের ক্যারিয়ার অগ্রসর করার জন্য এবং ব্যবসাসমূহের অব্যাহত সমৃদ্ধির জন্য কর্মচারীদের ডিজিটাল টুল ও প্ল্যাটফর্ম ব্যবহার করতে পারা অত্যাবশ্যকীয় হয়ে উঠেছে।

"আমাদের স্টেটের প্রতিভাবান কর্মীবাহিনী যাতে আগামীদিনের চাকরি নিশ্চিত করতে পারে সেজন্য তাদের ডিজিটাল স্বাক্ষরতা বৃদ্ধি করতে সাহায্য করার ব্যাপারে নিউ ইয়র্ক নেতৃত্ব দিচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "নতুন এই উদ্যোগটি আমাদের কর্মীবাহিনী বিকাশ প্রয়াসের একটি রূপান্তরমূলক সংযোজন হবে, যা সকল নিউ ইয়র্কবাসীকে নিজেদের ও নিজেদের পরিবারের জন্য আরো ভালো একটি ভবিষ্যৎ উন্মোচন করার প্রয়োজনীয় হাতিয়ার পাওয়ার সুযোগ প্রদান করবে।"

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "যেহেতু নিউ ইয়র্ক এখন অর্থনৈতিক সুযোগ বৃদ্ধির জন্য ব্যবসাকে আকৃষ্ট করতে চাচ্ছে, তাই আমাদেরকে অবশ্যই নিশ্চিত করতে হবে যাতে সেই ব্যবসাসমূহের প্রয়োজনের সাথে মানানসই দক্ষতা নিউ ইয়র্কবাসীর থাকে।" "নর্থস্টার ডিজিটাল লিটারেসির সাথে আমাদের অংশীদারিত্ব আমাদের কর্মীবাহিনীকে এমন কম্পিউটার সক্ষমতা অর্জন করতে সাহায্য করবে যা ডিজিটাল বৈশ্বিক বাজারের দ্রুত পরিবর্তনের সাথে মানিয়ে চলার জন্য তাদের প্রয়োজন।"

নর্থস্টারের একটি ত্রিমুখী ব্যবস্থা রয়েছে যা অনলাইনে শুরু হয়, পাশ করার পর অংশগ্রহণকারীদের সনদ বা ডিজিটাল পার জন্য স্ব নির্দেশিত মূল্যায়ন। এরপর নর্থস্টার স্ব নির্দেশিত অনলাইন শেখার সুপারিশ করে এবং একইসাথে নিউ ইয়র্কবাসীদেরকে তাদের পারদর্শিতা বৃদ্ধি করতে সাহায্য করার জন্য পাঠের পরিকল্পনা গঠন করে। NYSDOL এর 95টি স্থানীয় ক্যারিয়ার সেন্টার থেকে কর্মসূচি পরিচালিত হবে।

NYSDOL এর 2022 সালের জরিপে, ব্যবসাসমূহ যেই প্রযুক্তিগত দক্ষতাসমূহ তাদের বেশি প্রয়োজন হিসেবে বলেছে তা নিম্নে তালিকাভুক্ত করা হলো:

- এক্সেলে সফটওয়্যার পারদর্শিতা
- ইমেইল
- ওয়ার্ডে সফটওয়্যার পারদর্শিতা
- ডেটা অ্যানালাইসিস
- টাইপিং

নর্থস্টারের ডিজিটাল কর্মসূচি কর্মীদেরকে তাদের দক্ষতার মাত্রা যাচাই করতে এবং এইসব দক্ষতা শিখতে সাহায্য করে, যার মাধ্যমে কর্মক্ষেত্রের জন্য নিউ ইয়র্কবাসীদের প্রস্তুত করা হয় এবং ব্যবসাসমূহ যাতে তাদের প্রয়োজনীয় দক্ষতাসহ কর্মী খুঁজতে নিতে পারে তা নিশ্চিত করা যায়।

চাকরির অনুসন্ধান এবং কর্মক্ষেত্রে ভালো করার জন্য নিউ ইয়র্কবাসীদের যেই দক্ষতা প্রয়োজন তা অর্জনে তাদের সাহায্য করার NYSDOL এর প্রতিশ্রুতিকে এই অংশীদারিত্বটি আরো অগ্রসর করে। NYSDOL অনলাইনে এবং সশরীরে উপস্থিত থেকে গ্রহণ করতে হয় এমন অনেক ধরনের ক্যারিয়ার বিকাশ সেবা প্রদান করে, যার মধ্যে রয়েছে [কোর্সের মাধ্যমে উপলভ্য 4,000 এর বেশি কর্মসূচি এবং স্থানান্তরযোগ্য দক্ষতা, লিঙ্কডইন](#) ইত্যাদির ব্যাপারে দৈনিক ভার্সুয়াল কর্মশালা। NYSDOL এর ক্যারিয়ার সেন্টারগুলি বিভিন্ন ধরনের ক্লাস, কর্মশালা, চাকরির মেলা, নিয়োগ ইভেন্ট, চাকরির ক্লাব, এবং তথ্যমূলক সেশন প্রদান করে। রেজুমে, নেটওয়ার্কিং, বা ইন্টারভিউ করা নিয়ে সাহায্য খুঁজছে এমন নিউ ইয়র্কবাসীদেরকে [NYSDOL এর ক্যারিয়ার ডেভেলপমেন্ট ওয়েবপেজে](#) ভিজিট করতে বা তাদের স্থানীয় ক্যারিয়ার সেন্টারে [যোগাযোগ](#) করতে উৎসাহিত করা হচ্ছে।

নিউ ইয়র্কবাসীদের উচিত নর্থস্টারের বিনামূল্যের ডিজিটাল কর্মসূচিতে নাম লেখানোর জন্য তাদের স্থানীয় NYSDOL ক্যারিয়ার সেন্টারে [যোগাযোগ](#) করা। বর্তমানে প্রায় 3,000 প্রাপ্তবয়স্কদের মৌলিক শিক্ষা কর্মসূচি, কলেজ, অলাভজনক সংগঠন, কর্মক্ষেত্রের কেন্দ্র, সরকারি এজেন্সি, এবং ব্যবসা নর্থস্টার ব্যবহার করছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)